# সংস্কারের আড়ালে বিভ্রান্তি নয়, দ্রুত নির্বাচনের আহ্বান রিজভীর



সংগৃহীত ছবি

সংস্কারের নামে জনগণকে বিভ্রান্ত না করে দ্রুত একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনের দাবি জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শুক্রবার (১১ জুলাই) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আয়োজিত এক দোয়া মাহফিলে তিনি এ বক্তব্য দেন।

রিজভী বলেন, "আজও ফ্যাসিবাদের দোসররা রাষ্ট্রের গুরুত্বপূর্ণ পদে আসীন। সুযোগ পেলেই তারা গণতন্ত্রের উপর আঘাত হানার চেষ্টা করবে।" তিনি আশা প্রকাশ করেন, অন্তর্বর্তীকালীন সরকার এসব দোসরদের বিচারের মাধ্যমে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

দেশের চলমান অর্থনৈতিক সংকটের প্রসঙ্গ টেনে তিনি বলেন, "গার্মেন্টস ও কলকারখানাগুলো সচল রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ জরুরি। শ্রমজীবী মানুষের স্বার্থে সরকারকে বাস্তবমুখী সিদ্ধান্ত নিতে হবে।"

বিএনপি সংস্কারের বিরুদ্ধে নয় উল্লেখ করে রিজভী আরও বলেন, "আমরা চাই জনগণের মতামতের ভিত্তিতে একটি নিরপেক্ষ নির্বাচনের মধ্য দিয়ে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা হোক এবং ক্ষমতার শান্তিপূর্ণ পরিবর্তন ঘটুক।"

LENS ASIA